

## 🖪 আল-ফাতহ | Al-Fath | ٱلْفَتْح

আয়াতঃ ৪৮: ৭

💵 আরবি মূল আয়াত:

## وَ لِلّٰهِ جُنُودُ السَّمٰوٰتِ وَ الأرضِ ١٤ وَ كَانَ اللّٰهُ عَزِيزًا حَكِيمًا ﴿٧﴾

## 

আর আল্লাহরই জন্য আসমানসমূহ ও যমীনের যাবতীয় সৈন্যবাহিনী; এবং আল্লাহ মহাপরাক্রমশালী, প্রজ্ঞাময়। — আল-বায়ান

আসমান ও যমীনের যাবতীয় বাহিনী আল্লাহর কর্তৃত্বের অধীন। আল্লাহ মহা পরাক্রমশালী, মহা প্রজাময়। — তাইসিকল

আল্লাহরই আকাশমন্ডলী ও পৃথিবীর বাহিনীসমূহ এবং আল্লাহই পরাক্রমশালী, প্রজ্ঞাময়। — মুজিবুর রহমান

And to Allah belong the soldiers of the heavens and the earth. And ever is Allah Exalted in Might and Wise. — Sahih International

৭. আর আসমানসমূহ ও যমীনের বাহিনীসমূহ আল্লাহরই এবং আল্লাহ হচ্ছেন পরাক্রমশালী, হিকমতওয়ালা।

তাফসীরে জাকারিয়া

- (৭) আকাশমন্তলী ও পৃথিবীর বাহিনীসমূহ আল্লাহরই এবং আল্লাহই পরাক্রমশালী, প্রজ্ঞাময়। [1]
  - [1] এখানে মুনাফিক ও কাফেরদের আলোচনা প্রসঙ্গে উক্ত কথাটি পুনরায় ব্যক্ত করেছেন যে, মহান আল্লাহ তাঁর শত্রুদেরকে যে কোনভাবে ধ্বংস করতে সক্ষম। এটা ভিন্ন কথা যে, তিনি তাঁর কৌশল ও ইচ্ছার ভিত্তিতে যতটা চান অবকাশ ও ঢিল দেন।

তাফসীরে আহসানল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4590

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন